# সম্প্রসারণ বার্তা

মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৯তম বর্ষ ❑ ১ম সংখ্যা ❑ বৈশাখ-১৪৩২, এপ্রিল-মে-২০২৫ ❑ পৃষ্ঠা ৮



*খাদ্য ও পুষ্টির নিরাপত্তায় কাজ করছে ডিএইর প্রকল্প ...* ২

*বরিশালে ভুট্টা ফসলে ভারী ধাতুর প্রভাব বিষয়ক সেমিনার অনুষ্ঠিত ...* ৩

*সিলেটের জিলকার হাওরে ৮০ ভাগ ধান পাকলে দ্রুত ধান ...* ৪

*কৃষি তথ্য বিস্তারে কল সেন্টার ও অ্যাপসের ব্যবহার একটি ...* ৬


## কৃষকের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তিতে কর্মকর্তাদের সচেষ্ট হওয়ার আহ্বান : মাননীয় কৃষি উপদেষ্টা

মাননীয় কৃষি ও স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব:) মাঠপর্যায়ে কৃষকদের আধুনিক প্রযুক্তি বিষয়ে কার্যক্রম জোরদার করতে আহ্বান জানিয়ে বলেন, কৃষক যাতে কোন প্রকার ক্ষতিগ্রস্ত না হয় সে বিষয়ে কৃষি কর্মকর্তাদের আরো আন্তরিকতা নিয়ে কাজ করতে হবে। কৃষকের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তিতে কৃষি মন্ত্রণালয়ের কর্মকর্তাদের সচেষ্ট হতে হবে। তিনি ২২ এপ্রিল ২০২৫ দুপুরে যশোর জেলা প্রশাসক কার্যালয় অডিটোরিয়ামে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থাসমূহের কর্মকর্তাদের সাথে মতবিনিময়কালে এ কথা বলেন।

সকালে মাননীয় কৃষি ও স্বরাষ্ট্র উপদেষ্টাসহ পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ফারুক ই আজম বীর প্রতীক যশোরের অভয়নগর উপজেলার ভবদহ স্লুইসগেট পরিদর্শন করেন।

ভবদহ কলেজে মাঠে এক প্রেস বিফিংকালে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মাননীয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, ভবদহ এলাকায় ২০ হাজার হেক্টর জমিতে বোরো ধান আবাদ হয়ে থাকে। গতবারের অতিবৃষ্টিজনিত কারণে সৃষ্ট জলবদ্ধতায় সকলের সম্মিলিত প্রচেষ্টায় ১৭ হাজার হেক্টর জমিতে বোরো ধান আবাদ করা সম্ভব হয়েছে। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার ভবদহের চিরস্থায়ী সমাধান কিভাবে করা যায় সেজন্য পক্ষ বিপক্ষ, বিশেষজ্ঞ ও স্থানীয় জনগণের




*মাননীয় কৃষি ও স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) যশোর জেলা প্রশাসক কার্যালয় অডিটোরিয়ামে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থাসমূহের কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন*

মতামতের ভিত্তিতে কাজটা শুরু করে যেতে চায়। এ সময়ে তিনি গত বর্ষার মতো এবারে যাতে জনদুর্ভোগ না হয় সেজন্য বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে অর্ন্তরবর্তীকালীন কিছু কাজ শুরু করার কথা জানান। ব্রিফিংকালে মাননীয় উপদেষ্টা আরো বলেন,

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*

## বোরো ধানের ফলন সন্তোষজনক– মাননীয় কৃষি উপদেষ্টা



*মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী মুন্সীগঞ্জের শ্রীনগর উপজেলার আড়িয়াল বিলে ধান কাটা ও মাড়াই পরিদর্শন করেন*

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, দেশে বোরো ধানের ফলন সন্তোষজনক। নির্ধারিত সময়ের মধ্যে বোরো ধান কাটা সম্পন্ন হবে। মাননীয় উপদেষ্টা মুন্সীগঞ্জের শ্রীনগর উপজেলার আড়িয়াল বিলে ধান কাটা ও মাড়াই পরিদর্শন

*এরপর পৃষ্ঠা ২ কলাম ১*

## চট্টগ্রাম অঞ্চলের কৃষি কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত




*মতবিনিময় সভায় বক্তব্য প্রদান করেছেন মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো: জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.)*

চট্টগ্রাম জেলা ও বিভাগীয় প্রশাসন এর আয়োজনে কৃষি মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) সাথে চট্টগ্রাম বিভাগের সকল জেলা প্রশাসক ও কৃষি মন্ত্রণালয় অধিনস্ত সকল দপ্তর/সংস্থার প্রধানগণের সাথে মতবিনিময় সভা

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*

## বোরো ধানের ফলন সন্তোষজনক

এবং কৃষকদের সাথে মতবিনিময়কালে এসব কথা বলেন। এসময় শিল্প, গৃহায়ন ও গণপূর্ত উপদেষ্টা আদিলুর রহমান খান, মাননীয় কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান ও জেলার পদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

মাননীয় কৃষি উপদেষ্টা বলেন, আড়িয়াল বিল প্রাকৃতিক বৈচিত্র্যসম্পন্ন এলাকা। এখানকার জীব বৈচিত্র্য ও পরিবেশ রক্ষায় সকলকে সচেষ্ট থাকতে হবে। আড়িয়াল বিল ও সংলগ্ন অঞ্চলের পানি নিষ্কাশন ও ফসল পরিবহনে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে। মনানীয় উপদেষ্টা কৃষকরা অনুরোধ করলে মাননীয় উপদেষ্টা তাদের মামলা প্রত্যাহারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন। অবৈধ মাটি ব্যবসা বন্ধে টহল চৌকি স্থাপনে কৃষকরা অনুরোধ করলে মাননীয় উপদেষ্টা জরুরি ভিত্তিতে টহল চৌকি স্থাপনে সংশ্লিষ্টদের নির্দেশ দেন।

কৃষকদের সাথে মতবিনিময়ে শিল্প, গৃহায়ন ও গণপূর্ত মাননীয় উপদেষ্টা আদিলুর রহমান খান বলেন, আড়িয়াল বিলের পরিবেশ রক্ষায় এলাকাবাসী সহযোগিতা করবেন। মুন্সীগঞ্জের উন্নয়নের জন্য প্রকল্প নেয়া হয়েছে। প্রকল্পের কাজ যেন যথাযথ



মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী মুন্সীগঞ্জের শ্রীনগর উপজেলার আড়িয়াল বিলে ধান কাটা ও মাড়াই পরিদর্শন অনুষ্ঠানে কৃষকদের সাথে মতবিনিময় করেন

কৃষকদের বিভিন্ন সমস্যার কথা শুনেন ও সেগুলো সমাধানের আশ্বাস দেন। আড়িয়াল বিলে বিমান বন্দর নির্মাণ প্রতিরোধে আন্দোলনকারী কৃষকদের বিরুদ্ধে করা মামলা প্রত্যাহারে ভাবে হয়। দেশে যেন খাদ্যের অভাব না হয় এবং খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হয় সরকার সেভাবে কাজ করছে। (শনিবার, ২৬ এপ্রিল ২০২৫), *সংবাদ বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## খাদ্য ও পুষ্টির নিরাপত্তায় কাজ করছে ডিএইর প্রকল্প




অনুষ্ঠানে বক্তব্যরত প্রধান অতিথি জনাব মোঃ আব্দুল ওয়াদুদ, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়ার আয়োজনে 'অনাবাদি পতিত জমি ও বসতবাড়ির আঙ্গিনায় পারিবারিক পুষ্টিবাগান স্থাপন প্রকল্প (২য় সংশোধিত)' এর আওতায় বিষয়ভিত্তিক সেমিনার Promote Nutrition Sensitive Extension Through Homestead Gardening পর্যটন মোটেল, বগুড়াতে ২৯ এপ্রিল ২৫ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোঃ আব্দুল ওয়াদুদ, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া অঞ্চল, বগুড়া।

স্বাগত বক্তব্য ও প্রকল্প কার্যক্রম উপস্থাপন করেন ড. মোঃ আকরাম হোসেন চৌধুরী, প্রকল্প পরিচালক, ইফনাপ, ডিএই, খামারবাড়ি, ঢাকা। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মোঃ ছাদেকুল ইসলাম উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বারটান আঞ্চলিক কর্মকর্তা, পীরগঞ্জ, রংপুর। সভাপতিত্ব করেন কৃষিবিদ সোহেল মোঃ শামসুদ্দীন ফিরোজ, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বগুড়া। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের বগুড়া অঞ্চলের বিভিন্ন দপ্তরের কর্মকর্তাসহ এআইএস এর কর্মকর্তা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য অনাবাদি পতিত, অব্যবহৃত জমি চাষের আওতায় এনে গ্রামীণ কৃষকের পছন্দ অনুযায়ী শাকসবজি ও ফলের আবাদ সম্প্রসারণ, চাষ উপযোগী উচ্চমূল্যের বহুমুখী ফসল আবাদ সম্প্রসারণ, উন্নত প্রযুক্তি সম্প্রসারণ, গবেষণা প্রতিষ্ঠান থেকে উদ্ভাবিত জাত/প্রযুক্তি সম্প্রসারণ, মানসম্মত বিষমুক্ত নিরাপদ ফসল উৎপাদনের মাধ্যমে পুষ্টি সম্পর্কে স্বাস্থ্য সচেতনা সৃষ্টি করে জনগণের আয় বৃদ্ধি এবং গ্রামীণ কৃষি উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে প্রকল্পটি। কৃষি যন্ত্রপাতি বিতরণ, ভার্মিকম্পোস্ট পিট স্থাপন, জিরো এনার্জি কুল চেম্বার স্থাপন, কৃষক-কৃষাণী প্রশিক্ষণ, কৃষক-কৃষাণীদের উঠান বৈঠক, বিভিন্ন ফসলের প্রদর্শনী স্থাপন, উদ্বুদ্ধকরণ এগুলোর মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি এবং পুষ্টি ও খাদ্য নিরাপত্তাসহ সুস্বাস্থ্য নিশ্চিত করার কাজ করার লক্ষ্যে প্রকল্পটি কাজ করে যাচ্ছে।

*আহমেদ আলী, কৃতসা, পাবনা*

## কুমিল্লা বুড়িচং বিনাধান-২৪ ও ব্রি ধান৯৬ এর মাঠ দিবস অনুষ্ঠিত

রামপুর, বুড়িচং, কুমিল্লায় বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) উপকেন্দ্র কুমিল্লার উদ্যোগে এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সহযোগিতায় বিনার গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের অর্থায়নে রামপুর, বুড়িচং ৪ মে ২০২৫ প্রায়োগিক পরীক্ষণ মাঠে বিনাধান-২৪ ও ব্রি ধান৯৬ এর মূল্যায়ন শীর্ষক মাঠ দিবস অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যুক্ত ছিলেন বিনার মহাপরিচালক ড. মো. আবুল কালাম আজাদ। অনুষ্ঠানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কুমিল্লার উপপরিচালক কৃষিবিদ আইউব মাহমুদ এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়ালি বক্তব্য রাখেন বিনার গবেষণা কার্যক্রম শক্তিশালীকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. মাহবুবুল আলম তরফদার




অনুষ্ঠানে কৃষিবিদ আইউব মাহমুদ, উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কুমিল্লা সভাপতির বক্তব্য রাখেন

এরপর পৃষ্ঠা ৬ কলাম ১

## বগুড়ায় (পার্টনার) প্রকল্পের আওতায় আঞ্চলিক কর্মশালা অনুষ্ঠিত




*কর্মশালায় বক্তব্যরত প্রধান অতিথি মোঃ বেলাল উদ্দিন, পরিচালক, প্রশিক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা*

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকার আওতায় প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিন এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রকল্পের বগুড়া অঞ্চল, বগুড়ার আঞ্চলিক কর্মশালা ২২ এপ্রিল ২০২৫, মঙ্গলবার, হলরুম, পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়ায় দিনব্যাপি অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে মোঃ আব্দুল ওয়াদুদ, অতিরিক্ত পরিচালক, বগুড়া অঞ্চল, বগুড়া এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ বেলাল উদ্দিন, পরিচালক, প্রশিক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আবুল কালাম আজাদ, প্রোগ্রাম কো-অর্ডিনেটর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। তিনি প্রকল্পের স্বাগত বক্তব্য ও প্রকল্প কার্যক্রম উপস্থাপন করেন। কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের জেলা ও উপজেলা পর্যায়ের প্রতিনিধিগন মূল প্রবন্ধের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম ও সফলতা তুলে ধরেন। সভায় প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন আমাদের খাদ্য নিরাপত্তা নিশ্চিতে স্থায়ী সমাধান

এরপর পৃষ্ঠা ৭ কলাম ১

## বরিশালে ভুট্টা ফসলে ভারী ধাতুর প্রভাব বিষয়ক সেমিনার অনুষ্ঠিত




*অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব ড. বেগম সামিয়া সুলতানা মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট*

বরিশালে পায়রা বিদ্যুৎকেন্দ্র এলাকায় ভুট্টা ফসলে ভারী ধাতুর প্রভাব বিষয়ক সেমিনার ১৯ এপ্রিল ২০২৫ নগরীর খামারবাড়িতে অবস্থিত কৃষি তথ্য সার্ভিসের সম্মেলনকক্ষে আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউটের (এসআরডিআই) মহাপরিচালক ড. বেগম সামিয়া সুলতানা। অ্যানালাইটিক্যাল সার্ভিসেস উইংয়ের পরিচালক ড. মো. আনিছুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের (ডিএই) অতিরিক্ত পরিচালক ড. মোহাম্মদ নজরুল ইসলাম শিকদার, বরিশাল বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞান বিভাগের চেয়ারম্যান ড. জামাল উদ্দিন এবং এসআরডিআইর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা মো. মামুনুর রহমান।

সেমিনারে প্রধান অতিথি বলেন, কোনো কোনো জমির মাটিতে ক্রোমিয়াম, ক্যাডমিয়াম এবং সিসার মতো ভারী ধাতু অতিমাত্রায় পাওয়া যাচ্ছে। এগুলো খাদ্যচক্রের মাধ্যমে মানবদেহে প্রবেশ করছে। ফলে স্বাস্থ্যঝুঁকি দেখা দিচ্ছে। তাই এ থেকে পরিত্রাণের জন্য আমাদের সচেতন হতে হবে। এসব পদার্থ মাটিকে যেন দূষিত না করতে পারে, সেজন্য সংশ্লিষ্ট সবাইকে এগিয়ে আসতে হবে।

এসআরডিআই আয়োজিত এই সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞান বিভাগের প্রফেসর ড. মো. সাইফুল ইসলাম। এসআরডিআইর ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা কাজী আমিনুল ইসলামের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ডিএই বরিশালের উপপরিচালক মোসাম্মৎ মরিয়ম, বিনার ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. ছয়েমা খাতুন, বারটানের ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ফারজানা ছিমি, বারির ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা অঞ্জন কুমার দাস প্রমুখ। সেমিনারে কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা এবং কৃষক উপস্থিত ছিলেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

## কুমিল্লায় বালাইনাশক ব্যবহারের সচেতনতা বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত



*কুমিল্লায় প্রশিক্ষণে অংশগ্রহণকারী*

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার কারিগরি সহায়তায়, গ্লোবাল এনভায়রনমেন্ট ফ্যাসিলিটির আর্থিক সহযোগিতায় এবং কীটতত্ত্ব বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহর বাস্তবায়নে, 'বাংলাদেশে অধিক বিপজ্জনক বালাইনাশক এবং রাসায়নিকের উন্নত ব্যবস্থাপনার জন্য সক্ষমতা' বিষয়ে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা জেলা ও হর্টিকালচার সেন্টার, কুমিল্লার প্রশিক্ষণ হলে তিনটি সেশনে ১৯ এপ্রিল ২০২৫ উপসহকারী উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা এবং উপসহকারী কৃষি কর্মকর্তাদের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই) কুমিল্লা অঞ্চলের অতিরিক্ত পরিচালক, কৃষিবিদ মোঃ আজিজুর রহমান। সভাপতির বক্তব্য রাখেন ডিএই, কুমিল্লা জেলার উপপরিচালক কৃষিবিদ মোঃ আইউব মাহমুদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিএই, কুমিল্লা অঞ্চলের সংস্থাপন ও উন্নয়ন শাখার উপপরিচালক কৃষিবিদ শাহনাজ রহমান।

কৃষক পর্যায়ে যত্রতত্রভাবে ফসলে কীটনাশক প্রয়োগ, নিয়ম না মেনে জমিতে কীটনাশক স্প্রে করা, শাকসবজিসহ নানা ফসলে কীটনাশক প্রয়োগের পর নির্দিষ্ট সময় পার না করে ফসল সংগ্রহ, জৈবসার প্রয়োগ না করে অতিমাত্রায় জমিতে সার প্রয়োগ, সার্বিক বিষয়ে কৃষকদের সচেতন করা প্রশিক্ষণের উদ্দেশ্য।

*মোঃ মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*

## চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় নদীরচরে চাষ হচ্ছে চীনাবাদাম

চাঁপাইনবাবগঞ্জ শহরের পাশ দিয়েই বয়ে গেছে এই মহানন্দা নদী। প্রায় ২ হাজার বিঘা আলাতুলি ইউনিয়নে জেগে ওঠা চর আবাদি জমিতে পরিণত হয়েছে। অক্টোবর-নভেম্বরের মাসের পর নদীতে কমতে থাকে পানি। পানি কমতে কমতে দু-তীরের শুকিয়ে যাওয়া চর/ভূমি এখন চাষযোগ্য কৃষি জমি। জেগে ওঠা চরের জমিতে চাষাবাদে করে কৃষকগণ। উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের রাজস্ব প্রদর্শনীর আওতায় এবং বিনার সহায়তায় করেছেন। নতুন জেগে ওঠা চরে চীনাবাদাম চাষ করে আলাতুলি ইউনিয়নের কৃষকরা অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হওয়ার আশা করছে এবং উপজেলা কৃষি অফিস আগামী বছর জেগে ওঠা ২ হাজার বিঘা জমির পুরোটাই চিনাবাদাম চাষের আওতায় নিয়ে আসার পরিকল্পনা করছেন। চাষকৃত চিনাবাদাম খুব ভালো হয়েছে। ফলন হবে বলে আশাবাদি গত ২২ এপ্রিল ২০২৫ আলাতুলি ইউনিয়নের রাণীনগর ব্লকে মো: মহব্বত আলীর



চাঁপাইনবাবগঞ্জ সদর উপজেলায় প্রায় ৭০ হেক্টর জমিতে চাষ হচ্ছে চীনাবাদাম। উৎপাদিত চীনাবাদামের বেশিরভাগই চাষ হয় উপজেলার আলাতুলি ইউনিয়নে। এই বছর আলাতুলি ইউনিয়নে প্রায় ২ হাজার বিঘা চর জেগেছে। উপজেলা কৃষি অফিস রাজস্ব প্রদর্শনীর আওতায় এবং বিনার সহায়তায় কৃষকদের উদ্বুদ্ধকরণের মাধ্যমে প্রায় ১০০ বিঘা নতুন জেগে উঠা চরে বিনা চীনাবাদামের বিভিন্ন জাতের চাষ চাষকৃত বাদামক্ষেত পরিদর্শন শেষে উপজেলা কৃষি অফিসার মো: সুনাইন বিন জামান এসব তথ্য জানান।

ক্ষেত পরিদর্শনে আরো গিয়েছিলেন কৃষি সম্প্রসারণ অফিসার আনিসুল হক মাহমুদ, চাঁপাইনবাবগঞ্জ বিনা উপকেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, মো: আজাদুল হক, বিনার বৈজ্ঞানিক কর্মকর্তা মো: মুস্তাক, বরেন্দ্র কৃষি উদ্যোগের স্বত্বাধীকারী মুনজের আলম মানিক প্রমুখ।

*মো. এমদাদুল হক, কৃতসা, রাজশাহী*



কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পাবনার আয়োজনে সেরা তেল ফসল উৎপাদনকারী কৃষকদের মাঝে পুরস্কার প্রদান করছেন অনুষ্ঠানে প্রধান অতিথি কৃষিবিদ মোঃ রওশন আলম, অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (০৬ মে ২০২৫)

*মোঃ গোলাম আরিফ, কৃতসা, পাবনা*

## সিলেটের জিলকার হাওরে ৮০ ভাগ ধান পাকলে দ্রুত ধান কাটার প্রয়োজন



*অনুষ্ঠানে বক্তব্যরত প্রধান অতিথি জনাব মোহাম্মদ শের মাহবুব মুরাদ, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট*

সিলেট সদর উপজেলা প্রশাসন ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সদর সিলেট এর আয়োজনে আধুনিক প্রযুক্তির মাধ্যমে সিলেট অঞ্চলের কৃষি উন্নয়ন প্রকল্পের আওতায় মোগলগাঁও গ্রামে জিলকার হাওরে বোরো ধান প্রদর্শনীর মাঠ দিবস ও শস্য কর্তন ১৮ এপ্রিল ২০২৫ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর সিলেটের উপ-পরিচালক (ভারপ্রাপ্ত) কৃষিবিদ দীপক কুমার দাস এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট জেলার জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মোহাম্মদ শের মাহবুব মুরাদ।

প্রধান অতিথি তার বক্তব্যে বলেন সিলেটের পতিত জমিকে চাষাবাদের আওতায় আনতে সব ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি এ অঞ্চলের কৃষিকে আরো এগিয়ে নিতে কৃষকদের পাশাপাশি সংশ্লিষ্ট বিভাগের সমন্বয়ে হাওরের বিভিন্ন সমস্যা সমাধানের উদ্যোগ গ্রহণ করার পরামর্শ প্রদান করেন। প্রাকৃতিক দুর্যোগের কথা মাথায় রেখে হাওরের ৮০ ভাগ ধান পাকলে দ্রুত ধান কাটার জন্য কৃষকদের প্রতি আহ্বান জানিয়েছেন।

অনুষ্ঠানে শুরুতে সুধীজনদের স্বাগত জানিয়ে বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার অপূর্ব লাল সরকার। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা খোশনূর রুবাইয়াৎ; সিলেট কৃষি উন্নয়ন প্রকল্পের মনিটরিং অফিসার আব্দুল মান্নান, সিলেট কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপপরিচালক মোহাম্মদ আনিছুজ্জামান; মোগলগাঁও ইউনিয়নের ইউপি সদস্য মো. নেছার আহমেদ; মো. মঈন উদ্দিন ও বাদশা জাহাঙ্গীর। কৃষক প্রতিনিধি মো. দেলোয়ার হোসেন। এছাড়াও উপস্থিত ছিলেন সিলেটের অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) হোসাইন মো. আল জুনাইদ; অতিরিক্ত উপপরিচালক কৃষিবিদ দেবল সরকার প্রমুখ।

অনুষ্ঠান শেষে প্রধান অতিথি জেলা প্রশাসক মোহাম্মদ শের মাহবুব মুরাদ জিলকার হাওরে শস্য কর্তনের শুভ উদ্বোধন করেন এবং খালপাড় গ্রামের কৃষক জহিরুল ইসলামের প্রদর্শনী প্লটের ব্রিধান৯২ আগত কৃষকদের দেখানো হয়। পরে প্রদর্শনী প্লটের ধান নমুনা কর্তন করে ঝাড়াইমাড়াই শেষে হেক্টরপ্রতি ৯২ জাতের ৭ মেট্রিক টন ফলন রেকর্ড করা হয়। মাঠ দিবসে প্রদর্শনীভুক্ত কৃষকসহ ২০০জন কৃষক-কৃষাণী উপস্থিত ছিলেন।

*মো. জুলফিকার আলী, কৃতসা, সিলেট*

খামারি

সার সাশ্রয় এবং অধিক ফলন প্রাপ্তির আধুনিক প্রযুক্তি "খামারি" মোবাইল অ্যাপস ব্যবহার করুন

# ময়মনসিংহে বাংলাদেশের কৃষি উন্নয়নে গণমাধ্যমের ভূমিকা  শীর্ষক সেমিনার অনুষ্ঠিত




*সেমিনারে বক্তব্যরত প্রধান অতিথি কৃষিবিদ ড. সালমা লাইজু, অতিরিক্ত পরিচালক ডিএই, ময়মনসিংহ*

ময়মনসিংহে বাংলাদেশ কৃষি উন্নয়নে গণমাধ্যমের ভূমিকা শীর্ষক দিনব্যাপী সেমিনার ৮ মে ২০২৫ বৃহস্পতিবার ময়মনসিংহের মাসকান্দায় কৃষি তথ্য সার্ভিসের হলরুমে এ সেমিনার অনুষ্ঠিত হয়। সেমিনারে কৃষি তথ্য সার্ভিস এর প্রদান তথ্য অফিসার বি এম রাশেদুল আলমের সভাপতিত্বে প্রদান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ ড. সালমা লাইজু। আমন্ত্রিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বেতার ময়মনসিংহের আঞ্চলিক পরিচালক মো. আল আমিন খান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষি তথ্য সার্ভিসের সাবেক পরিচালক কৃষিবিদ ডক্টর মো. জাহাঙ্গীর আলম।

সেমিনারে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন দপ্তরের প্রতিনিধি, মৎস্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, এনজিও কর্মী, গণমাধ্যম কর্মী উপস্থিত ছিলেন।

*মোঃ খোরশেদ আলম, কৃতসা, ময়মনসিংহ*

# কৃষির উন্নয়নে জাপানের অংশীদারিত্ব আরও বৃদ্ধি

*শেষ পাতার পর*

করতে পারে। তিনি বলেন, জাপান বাংলাদেশের কৃষি পণ্য সংরক্ষণে আধুনিক হিমাগার স্থাপন ও কুলিং ভ্যান সরবরাহ করে সহযোগিতা করতে পারে। তাছাড়া জাপান আমাদেরকে আধুনিক কৃষি সরঞ্জাম ও যন্ত্রপাতি দিয়ে সহায়তা করতে পারে। তিনি এ সময় রাষ্ট্রদূতকে বাংলাদেশে আধুনিক কৃষি সরঞ্জাম ও যন্ত্রপাতি তৈরির জন্য প্রযুক্তিগত সহায়তা দিয়ে সহযোগিতার আহ্বান জানান।

২০২৪ সালের মে মাসে জাপানের টোকিওতে অনুষ্ঠিত কৃষি বিষয়ক দুই দেশের জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের সর্বশেষ সভা উল্লেখ করে মাননীয় উপদেষ্টা বলেন জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের পরবর্তী সভা এ বছরের অক্টোবর বা নভেম্বর মাসে ঢাকায় অনুষ্ঠিত হতে পারে। এ সভা আয়োজনের বিষয়ে বাংলাদেশ সব ধরনের সহযোগিতা করবে।

উপদেষ্টাকে ধন্যবাদ জানিয়ে রাষ্ট্রদূত বলেন, ২০২৭ সালে জাপানের ইয়োকোহামাতে আন্তর্জাতিক হর্টিকালচার এক্সপো অনুষ্ঠিত হবে। তিনি এ আন্তর্জাতিক এক্সপোতে বাংলাদেশকে অংশগ্রহণের আমন্ত্রণ জানান।

মাননীয় স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা এ পদে বাংলাদেশের পক্ষ থেকে জাপানকে পূর্ণ সমর্থনের আশ্বাস প্রদান করেন। বৈঠকে কৃষি মন্ত্রণালয় ও জাপান দূতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

*সংবাদ বিজ্ঞপ্তি, স্বরাষ্ট্র মন্ত্রণালয়*



বাংলাদেশে নিযুক্ত চীনের রাষ্ট্রদূত ইয়াও ওয়েন চাঁপাইনবাবগঞ্জের নাচোলে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের রপ্তানিযোগ্য আম বাগান পরিদর্শন করেন। (২৮ এপ্রিল ২০২৫ খ্রি.)

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

# কিশোরগঞ্জের হাওরের জিরাতি সমাচার

কিশোরগঞ্জ হাওরের প্রাণ পুরুষ জিরাতিগণ। জিরাতি হলো আশপাশের জেলা থেকে আসা আমাদের কৃষক বন্ধুগণ যারা প্রতিকূল পরিস্থিতিতে হাওরে থেকে আমাদের খাবার জোগান দেয়। শুধু পরিবারের পুরুষ সদস্যগণ আসেন। দুর্গম হাওরে নিজ পরিবার পরিজন ছেড়ে তারা ৬-৭ মাস এ হাওরে অস্থায়ী ঘর নির্মাণ করে বসবাস করে। এ সময়ে তারা তাদের নিজ স্থায়ী বসবাসের এলাকা থেকে হাস, মুরগি, গরু, ছাগল, বাড়ি নির্মাণের উপকরণ খালের মাধ্যমে নৌকা দিয়ে আসে। তারা হাওরে অবস্থানকালীন সময়ের চাল, শাকসবজি, মাছ, ডাল, ডিম এ হাওরে পশুপাখি পালন করে সংগ্রহ করেন। প্রচণ্ড গরমে তারা রাত দিন পরিশ্রম করেন। তারা খুবই অতিথি পরায়ন। তাদের উৎপাদিত পণ্য উপহার দেবে। এ কষ্টের মাঝেও প্রাণ খুলে হাসে। জিরাতি দের অনেকেই অন্যজেলার লোক হলেও বছরের পর বছর একই হাওরে আসেন। কেউ কেউ উত্তরাধিকার সূত্রে হাওরের মালিক। কেউ মালিকানার পাশাপাশি বর্গা নিয়ে চাষও করেন। এবার হাওরে ধান কর্তন শুরু হয়েছে।

হাওরের দিগন্ত বিস্তৃত মাঠে বোরো মৌসুমের একমাত্র ফসল বোরো ধান (যদিও ইদানীং কিছু জমিতে ভুট্টা, মরিচ চাষ হচ্ছে)। প্রায় ৮-৯ মাস পানির নিচে থাকা হাওরগুলোতে উৎপাদিত, বোরোধান দেশের খাদ্য চাহিদার অনেক অংশের জোগান দেয়।

হাওরের দিগন্ত বিস্তৃত মাঠ এখন সোনালি ধানে ভরে আছে। হাওরের বুক চিরে আকাঁবাঁকা কংক্রিটের সাবমার্জিবল রোডগুলো (যেগুলো বর্ষাকালে নিমজ্জিত থাকে শীত মৌসুমে পানি সরেগেলে জেগে উঠে এবং ব্যবহার উপযোগী হয়) জিরাতিদের কর্ম চাঞ্চল্যে ভরে উঠেছে।




*ড. আব্দুল আজিজ, অতিরিক্ত পরিচালক, মনিটরিং ডিএই, ঢাকা ও অতিরিক্ত পরিচালক, ঢাকা অঞ্চল জিরাতিদের সাথে নমুনা শস্য কর্তন করছেন*

*ড. মোঃ জাকির হোসেন, অতিরিক্ত পরিচালক ঢাকা অঞ্চল, ঢাকা*

## চট্টগ্রাম অঞ্চলের কৃষি কর্মকর্তাদের

প্রথম পাতার পর

২৩ এপ্রিল ২০২৫ অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সার্কিট হাউজ অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ড. মোহাম্মদ ইমদাদ উল্লাহ মিয়ান, সচিব, কৃষি মন্ত্রণালয়।

মাননীয় কৃষি উপদেষ্টা বলেন কৃষিতে বাংলাদেশের সফলতা অনেক বড়। আঠারো কোটি মানুষের খাদ্যের চাহিদা পূরণে কৃষক, কৃষিবিদ ও গবেষকগণের অবদান লক্ষণীয়। বন্যায় প্লাবিত ক্ষতিগ্রস্ত এলাকায় প্রকল্পের বিষয়ে আলোচনাসহ বিশ্ব ব্যাংক থেকে ১.৫% লভ্যাংশে লোন গৃহীত হয়েছে। সার সংকট নিরসনে উপপরিচালকগণদের সহযোগিতা প্রদানে অনুরোধ করেন। উৎপাদন খরচের সাথে সামঞ্জস্য রেখে কৃষকদের ফসলের ন্যায্যমূল্য নির্ধারণে জোর দেন তিনি। ৭০% ভর্তুকি সঠিক কৃষকের হাতে পৌঁছানোর জন্য গুরুত্বারোপ করেন। দুর্নীতি কমাতে প্রণোদনার নিয়ম পরিবর্তনসহ উৎপাদন বৃদ্ধিতে সাথী ফসল ও রিলে ফসলের আবাদ বৃদ্ধির জন্য গুরুত্ব প্রদান করেন। এরপর বিভিন্ন দপ্তর সংস্থা প্রধান সমস্যা ও সম্ভাবনা নিয়ে দপ্তর প্রধানদের মতামত গ্রহণ করেন।

মতবিনিময় সভায় সভাপতি সবাইকে একসাথে কাজ করার জন্য আহ্বান জানান। কৃষি উৎপাদনের জন্য বিভিন্ন অ্যাপস, এআই এর ব্যবহারে গুরুত্বারোপ করেন। জিটুজির ২৫ বছরের কর্মপরিকল্পনা গ্রহণ, ইটভাটার ক্ষতি কমানোসহ তামাক চাষ হ্রাসকরণের বিশেষ গুরুত্ব প্রদান করেন।

উক্ত অনুষ্ঠানে চট্টগ্রামের বিভাগীয় কমিশনারসহ প্রশাসন, পুলিশ ও কৃষি বিভাগের উর্ধ্বতন কর্মকর্তাগণ ও এআইএসের প্রতিনিধিসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার প্রতিনিধিরা উপস্থিত ছিলেন। *সৌরভ চন্দ্র বড়ুয়া, কৃতসা, চট্টগ্রাম*

## কৃষকের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তিতে

প্রথম পাতার পর

ভবদহের সমস্যার কোন একক সমাধান না করে স্থানীয় সমস্যাগুলো স্থানীয়ভাবে মেটাতে হবে, আর প্রাকৃতিক সমস্যাগুলো সকলের মতামতের ভিত্তিতে করা হবে। কৃষকের সেচের পানি খরচ যাতে কম হয় সে বিষয়ে বিদ্যুৎ মন্ত্রণালয় ব্যবস্থা গ্রহণ করবে বলে তিনি জানান।

এর আগে অভয়নগর উপজেলার গুয়াখোলা মাঠে কৃষি উপদেষ্টাসহ অন্য উপদেষ্টাগণ এস এল-৮ জাতের ধান কর্তন অনুষ্ঠানে যোগ দেন এবং নওয়াপাড়া সরকারি কলেজ মাঠে কৃষক সমাবেশে বক্তব্য রাখেন। এসময় কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মোঃ ছাইফুল আলম, সরেজমিন উইং অতিরিক্ত পরিচালক (মনিটরিং ও বাস্তবায়ন) ড. জামাল উদ্দিনসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

*মোঃ আবদুর রহমান, কৃতসা, খুলনা*

## কুমিল্লা বুড়িচং বিনাধান-২৪ ও ব্রি ধান৯৬ এর

দ্বিতীয় পাতার পর

মাহবুবুল আলম তরফদার, উপ-প্রকল্প পরিচালক ড. মোহাম্মদ আশিকুর রহমান। এ ছাড়াও বিশেষ অতিথি হিসেবে আরো বক্তব্য রাখেন বিনা উপকেন্দ্র কুমিল্লার উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা ড. মোঃ হাসানুজ্জামান রনি, বুড়িচং উপজেলার উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মোছা. আফরিনা আক্তার ও বিনার বৈজ্ঞানিক কর্মকর্তা শামস-আল-মাহমুদ। প্রায়োগিক পরীক্ষণ মাঠে শস্য কর্তনের ফলাফল হলো-বিনাধান-২৪=৮.৪৯ টন/হেক্টর (১৪% আর্দ্রতায়) আর ব্রি ধান৯৬=৫.৮১ টন/হেক্টর (১৪% আর্দ্রতায়)। অনুষ্ঠানটি যৌথভাবে সঞ্চালনা করেন উক্ত ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা মোছা. সুলতানা ইয়াসমিন ও বিনা উপকেন্দ্র কুমিল্লার বৈজ্ঞানিক সহকারী মোঃ আরিফ হোসেন।

*মোঃ মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*

## কৃষি তথ্য বিস্তারে কল সেন্টার ও অ্যাপসের ব্যবহার একটি যুগান্তকারী পদক্ষেপ



কৃষিকথা ম্যাগাজিনের গ্রাহক বৃদ্ধিতে সম্মাননা প্রদান করেন প্রধান অতিথি জনাব মো. জাকির হোসেন, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবিভাগ), কৃষি মন্ত্রণালয়

কৃষি খাতে আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে তথ্য বিস্তারে কল সেন্টার ও মোবাইল অ্যাপসের ভূমিকা নিয়ে "কৃষি তথ্য বিস্তারে কল সেন্টার ও এপসের ব্যবহার: সম্ভাবনা ও করণীয়" শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ২৯ এপ্রিল ২০২৫ রোজ সোমবার রাজধানীর খামারবাড়িতে কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, ঢাকার আয়োজনে অনুষ্ঠিত এই সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. জাকির হোসেন, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ অনুবি-ভাগ) কৃষি মন্ত্রণালয় এবং সভাপতিত্ব করেন মোঃ মসীহুর রহমান, পরিচালক, কৃষি তথ্য সার্ভিস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ড. মো. নূরে আলম সিদ্দিকী, অধ্যক্ষ, কৃষি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা, মোঃ আহসানুল বাসার আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, ঢাকা এবং ড. মো. জাকির হোসেন, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল। মূল প্রবন্ধ উপস্থাপন করেন শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ড. মাহাবুবুল আলম। মূল প্রবন্ধের উপর আলোচনায় অংশ নেন মুখ্য আলোচক ড. মুহাম্মদ শাহাদৎ হোসাইন সিদ্দিকী, সিনিয়র সহকারী পরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা), গাজীপুর।

সেমিনারে বক্তারা বলেন, "গ্রামীণ কৃষকদের তথ্য-প্রযুক্তির আওতায় আনার ক্ষেত্রে কল সেন্টার ও অ্যাপস ব্যবহার একটি যুগান্তকারী পদক্ষেপ। এর মাধ্যমে সহজে কৃষি বিষয়ক পরামর্শ, বাজারের তথ্য, আবহাওয়ার পূর্বাভাসসহ বিভিন্ন জরুরি তথ্য পৌঁছে দেওয়া সম্ভব হচ্ছে।"

অনুষ্ঠানে ১৪৩১ বঙ্গাব্দে কৃষিকথা ম্যাগাজিনের গ্রাহক বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য ১৪ জন ব্যক্তিকে সম্মাননা প্রদান করা হয়। ঢাকা অঞ্চলের উপপরিচালকগণের মধ্য থেকে সম্মাননা গ্রহণ করেছেন ড. রবীআহ নূর আহমেদ, উপপরিচালক, মানিকগঞ্জ। উপজেলা কৃষি অফিসারগণের মাঝে সম্মাননা গ্রহণ করেন মো. জয়নুল আলম তালুকদার (টঙ্গিবাড়ি) মোঃ হাবিবুল বাশার চৌধুরী (সিংগাইর), মোঃ ইমতিয়াজ আলম (মানিকগঞ্জ সদর), মোঃ তৌহিদুজ্জামান খান (হরিরামপুর), মোহসীনা জাহান তোরণ (শ্রীনগর), সুমন কুমার বসাক (কাপাসিয়া), রুমানা আকতার (টাঙ্গাইল সদর), মোহাম্মদ বিন সাদেরক (শিবপুর), রাজিয়া তরফদার (শিবালয়), মোহাম্মদ রেজাউল হক (দৌলতপুর), তহমিনা খাতুন (ঘিওর), আব্দুল্লাহ আল মামুন (সাটুরিয়া) ও আফরোজা সুলতানা (রূপগঞ্জ)।

*কৃষিবিদ সাবরিনা আফরোজ, কৃতসা, ঢাকা*



# বোরো ধানের সমলয় চাষাবাদ প্রদর্শনীর ফসল কর্তন অনুষ্ঠিত




*বোরো ধানের সমলয় চাষাবাদ প্রদর্শনীর ফসল কর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আফিয়া আখতার, জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক, রাজশাহী*

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমে কৃষি পুর্নবাসন কর্মসূচীর আওতায় বোরো ধানের সমলয় চাষাবাদ প্রদর্শনীর ফসল কর্তন ও মতবিনিময় সভা গোদাগাড়ী কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও উপজেলা প্রশাসনের আয়োজনে রাজশাহীর গোদাগাড়ী উপজেলার সরমংলা গ্রামের ফসলের মাঠে ৪ মে ২০২৫ অনুষ্ঠিত হয়। রাজশাহী জেলার জেলা ম্যাজিস্ট্রে ও জেলা প্রশাসক আফিয়া আখতার কম্বাইন হাওয়েস্টারের মাধ্যমে সমলয় চাষাবাদ প্রদর্শনীর ফসল কর্তন মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি বলেন, কৃষির উৎপাদন অব্যাহত রাখার জন্য সার, বীজ, কৃষি যন্ত্রপাতিসহ নানা খাতে সহায়তা করছেন কৃষি সংশ্লিষ্ট বিভাগ। যাতে করে চাষিগণ উৎপাদন বৃদ্ধি করতে পারে ও যন্ত্রপাতির সহায়তায় মাধ্যমে কৃষি শ্রমিক সংকটে উৎপাদন ব্যাহত না হয়। তিনি আরো বলেন, রাসায়নিক সার ব্যবহারে আমাদের আরো সচেতন হতে হবে। কোনোভাবেই অপচয় করা যাবে না। আগামী মৌসুমে যন্ত্রসহ প্রযুক্তির ব্যবহার করে কৃষকের উৎপাদন খরচ কমানোর প্রতি উপস্থিত আহ্বান করেন।

গোদাগাড়ী উপজেলা নির্বাহী অফিসার ফয়সাল আহমেদের সভাপতিত্বে, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, রাজশাহী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের, উপপরিচালক উম্মে ছালমা, জেলা প্রশিক্ষণ কর্মকর্তা মো: আমিরুল ইসলাম, রাজশাহী বিএআরআই, বরেন্দ্র কেন্দ্র, সরেজমিন গবেষণা বিভাগেরর ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো: সাখাওয়াত হোসেন, উপসহকারী কৃষি অফিসার, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ ও সমলয় চাষাবাদ প্রদর্শনীভুক্ত কৃষক-কৃষাণীসহ প্রায় ৩০০ জন এসময় উপস্থিত ছিলেন। উল্লেখ্য, যে সমলয় চাষাবাদ প্রদর্শনীতে বোরো (উফশী) ব্রিধান-৮৮ জাতের ধান চাষ করা হয়। মাঠ দিবসে ফসল কর্তনে এ জাতের ফলন পাওয়া যায় বিঘা (৩৩ শতাংশ) প্রতি ২৭.৫ মণ।

*মো. এমদাদুল, কৃতসা, রাজশাহী*

## বগুড়ায় (পার্টনার) প্রকল্পের আওতায় আঞ্চলিক

*তৃতীয় পাতার পর*

প্রয়োজন। যার লক্ষ্যে ক্রমবর্ধমান জনসংখ্যার জন্য ক্রমহ্রাসমান জমিতে প্রতিকুল আবহাওয়ার সাথে যুদ্ধ করে পুষ্টিকর খাদ্য যোগানের জন্য উন্নতমানের টেকনোলজি ব্যবহার করতে হবে। কৃষকদের মাঝে গবেষণালব্ধ উন্নত প্রযুক্তিগুলো সম্প্রসারণ করতে হবে। আমাদের কৃষকদের আর্থিক লাভের জন্য আমাদের ফসলের ফলন ও পুষ্টি দুটো দিকই লক্ষ্য রাখতে হবে। পার্টনার প্রকল্পের আওতায় কৃষি মন্ত্রণালয়ের ১০টি সংস্থা একসাথে কাজ করে যাচ্ছে। কৃষি মন্ত্রণালয়ের সব প্রতিষ্ঠানের সম্মিলিত প্রচেষ্টায় প্রকল্পটি লক্ষ্য অর্জন করতে পারবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সভায় বগুড়া অঞ্চলের চারটি জেলার কৃষি মন্ত্রণালয়াধীন বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কৃষক প্রতিনিধি প্রিন্ট ও ইলেকট্রনিক্স মিডিয়ার সাংবাদিকসহ ২০০ জন উপস্থিত ছিলেন।

*আহমেদ আলী, কৃতসা, পাবনা*

# কৃষিকে একটা রোল মডেল হিসেবে দেখতে চান

*শেষ পাতার পর*

জন্য বিখ্যাত কৃষি পণ্য পরিবহনের জন্য ট্রেনে একটি এসি বগির ব্যবস্থা করা হবে, শাকসবজি সংরক্ষণের জন্য ছোট-ছোট হিমাগার নির্মাণ করা হবে। কৃষক যাতে ন্যায্যমূল্য পায় তার ব্যবস্থা করা হচ্ছে। আপনারা সরাসরি গোডাউনে ধান দিতে পারবেন। আপনাদের জন্য এবারে ধানের দাম বৃদ্ধি করা হয়েছে ।

কৃষি কর্মকর্তাদের উদ্দেশ্যে মাননীয় কৃষি উপদেষ্টা মাঠ দিবসে নিয়মিত উঠান বৈঠক করার পরামর্শ দেন। তিনি আরো বলেন বরেন্দ্র কর্মসূচীতে পানির দাম কমানো হয়েছে। ব্যবসায়ীদের উদ্দেশ্যে বলেন, কৃষিতে কোন রকম সিন্ডিকেট করা যাবে না। এ ছাড়া কৃষিতে অপ্রয়োজনীয় উৎপাদন খরচ কমাতে কৃষি কর্মকর্তার সুপারিশমত সার ও স্প্রে করার নির্দেশনা দেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ চেয়ারম্যান ড. এম আসাদুজ্জামান, রংপুর বিভাগীয় কমিশনার মো. শহিদুল ইসলাম (এনডিসি) রংপুরের ডিআইজি আমিনুল ইসলাম, কৃষি তথ্য সার্ভিসের পরিচালক মো. মসীহুর রহমান, দিনাজপুর জেলা প্রশাসক রফিকুল ইসলাম প্রমুখ। এ ছাড়াও অন্যান্য কৃষি কর্মকর্তা ও প্রশাসনিক কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ রূপালী সাহা, কৃতসা, রংপুর*

# পুষ্টি কর্নার : জামরুল



জামরুল একটি ক্যারোটিন ও ভিটামিন বি-২ সমৃদ্ধ ফল। খাদ্যোপযোগী প্রতি ১০০ গ্রাম জামরুলে জলীয় অংশ ৮৯.১ গ্রাম, মোট খনিজ পদার্থ ০.৩ গ্রাম, হজমযোগ্য আঁশ ১.২ গ্রাম, খাদ্যশক্তি ৩৯ কিলোক্যালরি, আমিষ ০.৭ গ্রাম, চর্বি ০.২ গ্রাম, শর্করা ৮.৫ গ্রাম, ক্যালসিয়াম ১০ মিলিগ্রাম, লৌহ ০.৫ মিলিগ্রাম, ক্যারোটিন ১৪১ মিলিগ্রাম, ভিটামিন বি১ ০.০১ মিলিগ্রাম, ভিটামিন বি২ ০.০৫ মিলিগ্রাম ও ভিটামিন 'সি' ৩ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে। জামরুল বহুমূত্র রোগীর তৃষ্ণা নিবারণে উপকারী। দেশে জামরুলের সাদা ও মেরুন বর্ণের ফল জন্মে থাকে। চাষাবাদের জন্য উচ্চফলনশীল জাতের মধ্যে রয়েছে বারি জামরুল-১, বারি জামরুল-২ ও বাউজামরুল-১, বাউজামরুল-২, বাউজামরুল-৩। বাংলাদেশের সর্বত্র জামরুল উৎপাদন হয়। মূলত ফল হিসেবেই জামরুল ব্যবহৃত হয়। ইদানীং রঙিন জামরুল দিয়ে কেউ কেউ জ্যাম, জেলি তৈরি করছেন।

*সংকলন-কৃষি ডাইরি, কৃষি তথ্য সার্ভিস*

সম্প্রসারণ বার্তা
৪৯তম বর্ষ ১ম সংখ্যা
বৈশাখ-১৪৩২ বঙ্গাব্দ; এপ্রিল-মে, ২০২৫ খ্রিষ্টাব্দ

# কৃষির উন্নয়নে জাপানের অংশীদারিত্ব আরও বৃদ্ধি করা হবে- মাননীয় স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা

মাননীয় স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) বলেছেন, জাপান বাংলাদেশের উন্নয়নে অন্যতম প্রধান অংশীদার ও পরীক্ষিত বন্ধু। জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) মাধ্যমে দেশটি বাংলাদেশের কৃষি খাতের উন্নয়নে ব্যাপকভাবে সহায়তা করে আসছে। আগামী দিনে বাংলাদেশের কৃষি খাতের উন্নয়নে জাপানের অংশীদারিত্ব আরও বৃদ্ধি করা হবে। ৩০ এপ্রিল ২০২৫ মাননীয় উপদেষ্টার সঙ্গে বাংলাদেশ সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে তার অফিসকক্ষে বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত Saida Shinichi-এর সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন।

বৈঠকে দু'দেশের মধ্যে কৃষি খাতে সহযোগিতা বিশেষ করে কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ, ফসলের পোস্ট হার্ভেস্ট ম্যানেজমেন্ট ও সংরক্ষণ, জলবায়ু ও স্মার্ট কৃষি, সেচ ও পানি ব্যবস্থাপনা, ২০২৭ সালে জাপানের ইয়োকোহামাতে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক হর্টিকালচার এক্সপোতে বাংলাদেশের অংশগ্রহণ, কৃষি বিষয়ক জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের সভা, নিরাপত্তা ও আইনশৃঙ্খলা পরিস্থিতি, পুলিশ সংস্কার, ট্রাফিক ব্যবস্থাপনায় সহযোগিতা, জাতীয় সংসদ নির্বাচন ইস্যুসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

বৈঠকের শুরুতে রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে মাননীয় স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা বলেন, জাপান বাংলাদেশের অন্যতম ঘনিষ্ঠ বন্ধু। আগামী দিনগুলোতে এ সম্পর্ক আরও জোরদার হবে।

জাপান কৃষি খাতে সর্বাধুনিক প্রযুক্তি



মাননীয় স্বরাষ্ট্র ও কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) এর সাথে ঢাকায় মন্ত্রণালয়ে তাঁর অফিস কক্ষে বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত Saida Shinichi সাক্ষাৎ করেন (বুধবার ৩০ এপ্রিল ২০২৫)।-পিআইডি

ব্যবহারী দেশ উল্লেখ করে মাননীয় উপদেষ্টা বলেন জাপান বাংলাদেশের কৃষি খাতে বিশেষ করে কৃষি পণ্য প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ, ফসলের পোস্ট হার্ভেস্ট ম্যানেজমেন্ট ও সংরক্ষণ, জলবায়ু ও স্মার্ট কৃষি, সেচ ও পানি ব্যবস্থাপনা প্রভৃতি খাতে সহযোগিতা এরপর পৃষ্ঠা ৫ কলাম ১

## কৃষিকে একটা রোল মডেল হিসেবে দেখতে চান মাননীয় কৃষি উপদেষ্টা




মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) দিনাজপুরের বিরল উপজেলায় কৃষকদের মতবিনিময় সভায় বক্তব্য রাখেন

মাননীয় কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) কৃষিকে একটা রোল মডেল হিসেবে দেখতে চান। বৃহস্পতিবার, ৮ মে ২০২৫ দিনাজপুরের বিরল উপজেলার মোখলেছপুর ইউনিয়নের ঢেলপীরে ব্রিধান-৮৮ নমুনা শস্য কর্তন উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন।

মাননীয় কৃষি উপদেষ্টা কৃষকদের সাথে খোলা প্রশ্নের উত্তরে বলেন, দিনাজপুরে লিচুর এরপর পৃষ্ঠা ৭ কলাম ৩




রবি ২০২৪-২৫ মৌসুমে বোরো ধান বীজ ফসলের প্রি-পোস্ট কন্ট্রোল গ্রোআউট টেস্ট" বিষয়ক মাঠ দিবস ৭ মে ২০২৫ গাজীপুরের বীজ প্রত্যয়ন এজেন্সিতে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান। বীজ প্রত্যয়ন এজেন্সির পরিচালক কৃষিবিদ মোঃ জয়নাল আবেদীন উক্ত মাঠ দিবসের সভাপতিত্ব করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো: ছাইফুল আলম, কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব দীপংকর বিশ্বাস, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমির মহাপরিচালক মো: সাইফুল আজম খান। অনুষ্ঠানে কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তরের ঊর্ধ্বতন কর্মকর্তা ও বীজ ব্যবসায়ী, কৃষক প্রতিনিধি উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ ইসমাত জাহান এমি, কৃতসা, ঢাকা*

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার (অদা.) আর্টিস্ট ডিজাইনার, সুদীপ্ত শিকদার কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০, ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd